গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ফুলগাজী, ফেনী।

তারিখ: ১১/১১/২০২৪খ্রি:।

স্মারক নং: ১৩.০৩.৩০৪১.০০২.১১.০০১.২৪.২৬৫

ফুলগাজী উপজেলার খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রমের জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪" এবং খাদ্য মন্ত্রণালয়ের ০৯/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ নং পরিপত্রের অনুবৃত্তিক্রমে ফুলগাজী উপজেলায় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত বিক্রয় কেন্দ্রগুলোতে ০১(এক) জন করে মোট ০৫(পাঁচ) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে।

ক্রমিক নং	পৌরসভা/ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের নাম
০১।	ফুলগাজী ইউনিয়ন	ফুলগাজী বাজার
০২।	মুন্সিরহাট ও দরবারপুর ইউনিয়ন	নতুন ও পুরাতন মুন্সিরহাট
০৩।	আনন্দপুর ইউনিয়ন	কালিরহাট ও বোর্ড অফিস
০৪।	আমজাদহাট ইউনিয়ন	আমজাদহাট বাজার
০৫।	জিএমহাট ইউনিয়ন	জিএমহাট বাজার

সে লক্ষ্যে ১৮ বছরের উর্দ্ধে বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী স্থায়ী নাগরিক ইচ্ছুক/আগ্রহী খাদ্যশস্য ব্যবসায়ীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তসমূহ প্রতিপালন পূর্বক ওএমএস ডিলার নিয়োগ আবেদন আহ্বান করা যাচ্ছেঃ-

১।	বিষয়	:	প্রতি ইউনিয়নে ১জন করে মোট ৫(পাঁচ) জন ওএমএস ডিলার নির্বাচন।
২।	সংগ্রাহক সত্তা	:	খাদ্য বিভাগের পক্ষে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ফুলগাজী, ফেনী।
৩।	আবেদন পত্র ক্রয় ও আবেদন পত্র জমাদানের তারিখ ও সময়	:	আগামী ১১/১১/২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকা হইতে ১৯/১১/২০২৪ তারিখ মঙ্গলবার বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত(অফিস চলাকালীন সময়ে)। নির্ধারিত তারিখ ও সময়ের আগে বা পরে কোন আবেদনপত্র বিক্রয় বা গ্রহন করা হবে না
৪।	আবেদন পত্র জমার মাধ্যম ও স্থান	:	সরাসরি খামবদ্ধ অবস্থায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলগাজী, ফেনী।
৫।	আবেদন পত্রের মূল্য ও কোড নং	:	৫০০(পাঁচশত) টাকা অফেরতযোগ্য। ট্রেজারী চালানের কোড নং:১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯(অন্যান্য আদায়)
৬।	অনুমোদিত বিক্রয় কেন্দ্র	:	০৫(পাঁচ) টি।
৭।	নিয়োগতব্য ডিলার সংখ্যা	:	৫(পাঁচ)টি ইউনিয়নের প্রতি ইউনিয়নে ১(এক)জন করে মোট ৫(পাঁচ)জন। সর্বমোট ৫(পাঁচ)জন।
৮।	আবেদন পত্রের সঙ্গে যে সকল কাগজ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে	:	২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয়তা সনদ, নাগরিকত্বের সনদ, খাদ্যপণ্য ব্যবসায়ী হিসেবে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, খাদ্য বিভাগীয় লাইসেন্স, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ, দোকানের মালিকানা দলিল অথবা ভাড়াটিয়া সংক্রান্ত চুক্তিপত্র, সর্বশেষ বিদ্যুৎ বিলের সত্যায়িত ফটোকপি, আবেদন মূল্যের ট্রেজারী চালান, অঙ্গীকারনামা ঘোষণাপত্র ইত্যাদি।

৯। এ ছাড়া নিম্নোক্ত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

শর্তসমূহঃ

ক) ১৮ বছরের উর্দ্ধে বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী নাগরিক ওএমএস ডিলার হিসেবে আবেদন করতে পারবেন।

খ) ফুলগাজী ইউনিয়ন পরিষদ কর্তৃক খাদ্যশস্য ব্যবসায়ী হিসেবে ট্রেড লাইসেন্সধারী এবং চলতি অর্থবছর পর্যন্ত হালনাগাদ নবায়নকৃত হতে হবে।

গ) আবেদনপত্রের সাথে সংযুক্ত সরকার কর্তৃক নির্ধারিত বিক্রয় কেন্দ্রের তালিকা হতে আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলার নিয়োগের জন্য আবেদন করতে চান তা আবেদন পত্রের উপরে উল্লেখ করতে হবে। একই কেন্দ্রে একাধিক যোগ্য আবেদন জমা হলে লটারীর মাধ্যমে ১ জন ডিলার নির্বাচন করা হবে। একই ব্যাক্তি একাধিক কেন্দ্রে ডিলার হিসেবে আবেদন করতে পারবে না।

ঘ) সরকার কর্তৃক নির্ধারিত স্থানে বিক্রয় কেন্দ্রে নিজস্ব ব্যবস্থাপনায় ও খরচে খাদ্যশস্য বিক্রয় করতে হবে।

ঙ) খাদ্য বিভাগ কর্তৃক ফুডগ্রেইন লাইসেন্সধারী এবং চলতি অর্থবছর পর্যন্ত হালনাগাদ নবায়নকৃত হতে হবে।

চ) কমপক্ষে ৩(তিন) মে.টন বস্তাবন্দী খাদ্যশস্য সংরক্ষণ উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।

ছ) আবেদনকারীকে ডিলার হিসেবে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।

জ) ইতোপূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন ধরনের অনিয়মের কারণে বাতিল হওয়া খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার ঠিকাদার এ ওএমএস ডিলার নিয়োগে আবেদন করতে পারবে না বা সর্বাবস্থায় বাতিল বলে গণ্য হবে।

ঝ) খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রাণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি/তাঁর উপর নির্ভরশীল কেউ এ ওএমএস ডিলার হিসেবে আবেদন বা নিয়োগ হতে পারবেন না।

ঞ) খাদ্য বিভাগ অথবা প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার আবেদন করতে পারবেন না।

ট) কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে ৩০০/- টাকা মূল্যের নন-জ্যুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল করা হবে।

ঠ) ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে।

ড) ওএমএস ডিলার নিজে খাদ্যশস্য উত্তোলন করতে হবে। তবে জরুরী প্রয়োজনে ওএমএস কমিটির কাছে লিখিত আবেদন করে সপ্তাহে সর্বোচ্চ ৩দিন প্রতিনিধির মাধ্যমে খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন।

ঢ) ওএমএস ডিলার এবং তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং ওএমএস সংক্রান্ত অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।

ণ) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা ২০১৫ অনুযায়ী নিয়োগ প্রাপ্ত ডিলারগন এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।

ত) নির্ধারিত কোডে টাকা জমা প্রদান পূর্বক চালানের মূল কপি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দিয়ে আবেদন পত্র সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংযুক্তিসহ আবেদনপত্র জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের আগে বা পরে প্রাপ্ত বা প্রয়োজনীয় সংযুক্তি ছাড়া অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

থ) নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদন সমূহ যাচাই-বাছাই করে ওএমএস কমিটি কর্তৃক ডিলার নির্বাচন ও তালিকা প্রস্তুত করে অনুমোদনের জন্য খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা হবে। খাদ্য অধিদপ্তরের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ডিলার নিয়োগ আদেশ জারী করা হবে।

দ) চুড়ান্ত নিয়োগ প্রাপ্ত ডিলার বরাদ্দ প্রাপ্তির পূর্বেই ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত প্রদান করবেন। প্রয়োজনে ওএমএস কার্যক্রম শেষে ডিলারের আবেদনের প্রেক্ষিতে কোন দায়-দেনা বা ত্রুটি না থাকলে এ জামানত ফেরত প্রদান করা হবে।

ধ) ওএমএস সংক্রান্ত যাবতীয় কার্যক্রম খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা ২০২৪ অনুযায়ী পরিচালিত হবে।

ন) খাদ্যবিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে ওএমএস নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত শর্তাবলী প্রতিপালন পূর্বক ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য ইচ্ছুক আগ্রহী খাদ্যশস্য ব্যবসায়ীগণকে আগামী ১৯/১১/২০২৪খ্রি: তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে আবেদন পত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো।

(সিরাজদ্দৌলা)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি,ফুলগাজী।